


# শুনতে কী পাচ্ছে সবাই

## ফাইভম পারভেজ



ফারুক!

শুনতে কী পাচ্ছিস

ওই নষ্ট-ভ্রষ্ট-নিকৃষ্টদের হচ্ছে বিচার!

মাইজপাড়া মাষ্টারবাড়ী থেকে

আমরা পৌছবার আগেই তোকে নিয়ে গেলো।

তোর উপড়ানো রক্তচক্ষু তখনো ঝুলছে।

লাশ পড়ে আছে খালের ওপাড়ে।

দাফন হয়নি সেই সারমেয় গুলোর নজরদারীতে।

দেখতে কী পাচ্ছিস ফারুক - ওদের নৃশংস প্রভু গুলোর

এখন হচ্ছে বিচার।

গণি চাচা -

শুনতে কী পাচ্ছেন?

ওই অমানুষ-হায়না-নেকড়েদের হচ্ছে বিচার!

মাঝি বেশে নৌকায় সামান্য ক'টা গ্রেনেড আর তিনশো' তিন রাইফেল।

রাতে অপারেশন। সহযোদ্ধারা অপেক্ষায়।

কে জানতো নৌকার মালিক আপনার আত্মীয় - তখন ওদের ছায়ায়।

অবরোধ হলো - হলো 'হলকর্ষণ উৎসব' বেয়োনেটের ডগায়।

দেখতে কী পাচ্ছেন গণি চাচা - ওদের দাঁতাল প্রভু গুলোর

এখন হচ্ছে বিচার।

শিখা'দি -

শুনতে কী পাচ্ছে?

ওই নরাধম-পাষণ্ড-ভণ্ডদের হচ্ছে বিচার!

পাইকপাড়া গ্রামের দুটি ফুল একটি কুঁড়ির ছিমছাম সংসার।

ঘুম ভেঙ্গে চমকে বুঝলে - বাঁধা হাত বাঁধা চোখ।

মুখে হিংস্র হাতের চাপ। ঝড় থেমে গেলে

বন্দী বাকরুদ্ধ পতি দেখলো তোমার নিখর দেহখানি।

দেখলো গ্রামবাসি তোমার সেই নিখর দেহ ঝুলছে চালায় - ভোরের বেলায়।

দেখতে কী পাচ্ছে শিখা'দি- ওদের পিশাচ প্রভু গুলোর

এখন হচ্ছে বিচার।

রকীবভাই - শুনতে কী পাচ্ছেন

ওই বিষাক্ত নিঃশ্বাসের জীবদের হচ্ছে বিচার!

সম্মুখ সমরে পা দু'টি হারিয়ে

চাকা চেয়ারে করেন দিন পার।

অনিয়মিত ভাতা দু'চোখে স্মৃতির খাতা

তবু আশা একদিন ঘর হবে আপনার।

স্বপ্ন ছিলো হুঁটভাঙ্গার শিশুরা যাবে সব স্কুলে।

মানুষে মোড়া যন্ত্রদানবগুলো আর থাকবে না মানুষ



নষ্ট রাজনীতির ভ্রষ্টমানুষ হবে দূর  
হবে দূর মানুষের অস্বাভাবিক জীবনের ফানুস ।

এত সব উত্তর মিলবে কবে জানিনা রাকীব ভাই  
চল্লিশ বছর পর আপাততঃ সুখবর একটাই  
ইতরগুলোর হচ্ছে বিচার ।  
ভয় হয় ষড়যন্ত্রে সেটাও কী হবে ছিনতাই?

চল্লিশ বছর পর আপাততঃ সুখবর একটাই  
ইতরগুলোর হচ্ছে বিচার ।  
হচ্ছে বিচার ।